

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮-৯৭
আগরতলা, ১৩ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস
**১৫ আগস্ট আগরতলার কিছু সড়কে
যানবাহন চলাচলে নিয়ন্ত্রণ আরোপ**

পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানের জন্য আগামী ১৫ আগস্ট আগরতলার কিছু সড়কে সকাল সাড়ে ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত যানবাহন চলাচলে বিধিনিষেধ আরোপ করেছেন। তাছাড়াও পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসকের জারি করা এই বিজ্ঞপ্তিতে আগরতলা শহরের কয়েকটি এলাকা নো পার্কিং জোন হিসেবেও ঘোষণা করা হয়েছে। মোটর ভেহিক্যাল আইন, ১৯৮৮-এর ১১৬ এবং ১১৭ ধারায় স্বাভাবিকভাবে যানবাহন চলাচল এবং পথচারীদের চলাচলের জন্য এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। জেলাশাসকের জারি করা এই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ছাত্রছাত্রীদের গাড়ি ছাড়া সব ধরণের ব্যক্তিগত যানবাহন/ ব্যবসায়িক যানবাহন/ দ্বিচক্র যান /ই-রিক্সা /রিক্সা এবং ঠেলা গাড়ি চলাচলের ক্ষেত্রে নিয়ন্ত্রিত সড়কে সকাল সাড়ে ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই বিধিনিষেধ বলবৎ থাকবে। এই সড়কগুলি হল গুরুবার্ষিক থেকে দক্ষিণ দিক, বুদ্ধমন্দির থেকে উত্তর দিক এবং মালঞ্চনিবাস থেকে সার্কিটহাউস পর্যন্ত। উল্লেখিত সময়ে রোগী বহনকারী গাড়ি, অভয়নগর বাজার-কুমারীটিলা হয়ে জিবি হাসপাতালে যেতে পারবে। বিজ্ঞপ্তিতে পুরনো রাজত্বনের মেইন গেইট থেকে বুদ্ধমন্দির যাওয়ার রাস্তার দুইদিক, বুদ্ধমন্দির থেকে পুরনো এমএলএ হোস্টেল (১নং) (ক্যান্টনমেন্ট রোড) এর দুইদিক, বুদ্ধমন্দির থেকে অভয়নগর পোস্ট অফিস পর্যন্ত রাস্তা নো পার্কিং জোন ঘোষণা করা হয়েছে।
